# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা,ঢাকা

## বর্ষ সমাপনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ আলিম ১ম বর্ষ          বিষয় কোড: ২৪১**

**বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (সৃজনশীল)**

**সময় ঃ ২:৩০ ঘণ্টা                                        পূর্ণমান ঃ ৭০**

**(যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও)**

১। অধ্যাপক শামসুল আলম রাজনৈতিক দল সম্পর্কে শ্রেণিকক্ষে পাঠদানের সময় বলেছিলেন যে, প্রতিনিধিত্ব মূলক গণতন্ত্রের মূল ভিত্তিই রাজনৈতিক দল। কাদের নামে একজন ছাত্র জিজ্ঞেস করলো, জাতীয় সংসদে শুধুমাত্র মহিলাদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে কেন?

ক) বাংলাদেশে কোন ধরণের দল ব্যবস্থা প্রচলিত রয়েছে ? ১

খ) উপদল কী ? ২

গ) জাতীয় সংসদে কেন মহিলাদের জন্য আসন সংরক্ষণ করা হয়েছে ? ৩

ঘ) প্রতিনিধিত্ব মূলক গণতন্ত্রে রাজনৈতিক দল জনগণের আশা আকাঙ্খার প্রতিফলন ঘটাতে পারে ব্যাখ্যা কর। ৪

২। পৌরনীতি ও সুশাসন ক্লাসে রাজনৈতিক দল বিষয়ে পড়াতে গিয়ে অধ্যাপক খালেক বললেন যে, বর্তমান সময়ে সমাজের বিভিন্ন ধর্ম-বর্ণ-পেশার মানুষের স্বার্থ একত্রীকরণে রাজনৈতিক দলের ভূমিকা অপরিসীম। রতন নামের এক ছাত্র জিজ্ঞাসা করলো, স্যার রাজনৈতিক দল ও উপদলের মধ্যে পার্থক্য কতটুকু অধ্যাপক সাহেব উভয়ের মধ্যে পার্থক্য তুলে ধরলেন। তিনি বললেন, প্রতিনিধিত্ব মূলক গণতন্ত্রের সফলতা নির্ভর করে রাজনৈতিক দলের ওপর।

ক) রাজনৈতিক দল কাকে বলে ? ১

খ) দ্বি-দলীয় ব্যবস্থা বলতে কী বুঝ ? ২

গ) রাজনৈতিক দল ও উপদলের মধ্যে পার্থক্য কতটুকু ? ৩

ঘ) প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের সফলতা নির্ভর করে রাজনৈতিক দলের ওপর- উক্তিটির যথার্থতা নির্ণয় কর। ৪

৩। মাকসুদ ও মাসুম দুই ভাই। দুজন দুই রাজনৈতিক মতাদর্শে বিশ্বাস করে। তাদের প্রতিবেশী আব্দুল মজিদ সাহেব একজন অবসরপ্রাপ্ত অধ্যাপক। তিনি রাজনীতি না করলেও রাজনীতি সচেতন মানুষ। তিনি মাকসুদ ও মাসুমকে বুঝালেন যে, তোমাদের রাজনৈতিক বিশ্বাসে পার্থক্য থাকতেই পারে। তবে এজন্য ঝগড়া করবে কেন ? পারস্পরিক ঘৃণা-বিদ্বেষ থাকবে কেন ? মনে রাখবে, সহনশীলতা ও পরমতসহিষ্ণুতা গণতন্ত্রের প্রাণ।

ক) প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রে বিরোধী দলকে কী মনে করা হয় ? ১

খ) রাজনৈতিক সামাজিকরণ বলতে কী বুঝ ? ২

গ) বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে যে পারস্পরিক দ্বন্দ্ব ও অবিশ্বাস তার সাথে মাকসুদ ও মাসুমের মধ্যকার দ্বন্দ্বের স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ) 'সহনশীলতা ও পরমতসহিষ্ণুতা গণতন্ত্রের প্রাণ' ব্যাখ্যা কর। ৪

৪। হামিম জাতীয় রাজনীতি সম্পর্কে খুবই সচেতন। নির্বাচন এলেই সে সব দলের নির্বাচনী ইস্তেহার খুটিয়ে খুটিয়ে পড়ে। সে জানে যে, বাংলাদেশে শতাধিক রাজনৈতিক দলের নাম শোনা গেলেও এর মধ্যে মাত্র ৪/৫টি রাজনৈতিক দলের তৃণমূল পর্যায় পর্যন্ত সাংগঠনিক কার্যক্রম রয়েছে। রাজনৈতিক দলগুলো নাম সর্বস্ব। এসব দলের মধ্যে জাতীয় সংহতি প্রশ্নে ঐক্যমত্যও নেই। হামিমের বন্ধু হাসিব বলে যে, বাংলাদেশের জন্য বহুদলীয় ব্যবস্থার চেয়ে দ্বি-দলীয় ব্যবস্থাই উত্তম।

ক) একদলীয় ব্যবস্থা বলতে কী বুঝ ? ১

খ) জনমত গঠণে রাজনৈতিক দলের ভূমিকা কী ? ২

গ) বাংলাদেশের বহুদলীয় ব্যবস্থার প্রতি হামিম ও হাসিব আস্থা রাখতে পারছে না কেন ? ৩

ঘ) তুমিও কী হাসিবের মত বাংলাদেশের জন্য বহুদলীয় ব্যবস্থার চেয়ে দ্বি-দলীয় ব্যবস্থাই উত্তম মনে কর ? ব্যাখ্যা কর। ৪

৫। সাম্প্রতিক 'ক' রাষ্ট্রের জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়, রাজনৈতিক দলসমূহ নির্বাচনি ফলাফলকে মেনে নেয় এবং বিজিত রাজনৈতিক দলসমূহ বিজয়ী রাজনৈতিক জোটকে অবিনন্দন জানায়। রাষ্ট্রপতি বিজয়ী দলকে সরকার গঠনে আহ্বান জানায়। নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে সকলেই অংশ গ্রহণ করেন।

ক) জনমতের সংজ্ঞা দাও। ১

খ) রাজনৈতিক সংস্কৃতি বলতে কী বোঝ ? ২

গ) উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রে কোন ধরণের সরকার ব্যবস্থা বিদ্যমান ? ব্যাখ্যা কর। ৩

ঘ) দল সমূহের আচরণ তুমি কীভাবে মূল্যায়ন করবে ? ৪

৬। জনাব ইব্রাহীম একটি সংগঠণের সদস্য। যার কর্মকান্ড সারাদেশে বিস্তৃত। উক্ত সংগঠন মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠা ও দেশের সমস্যা চিহ্নিত করে সমাধানের লক্ষ্যে কর্মসূচী প্রণয়ন করে। অপর দিকে কবির আরেকটি সংগঠনের সদস্য। যারা শুধু নিজেদের স্বার্থ আদায়ের জন্য কাজ করে।

ক) নেতৃত্ব কী ? ১

খ) জনমত গঠনে রাজনৈতিক দলের ভূমিকা লেখ। ২

গ) উদ্দীপকে বর্ণিত ইব্রাহীম ও কবিরের সংগঠনের পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত ইব্রাহীমের সংগঠনটি গণতন্ত্র প্রতিষ্ঠায় কী ভূমিকা পালন করে ? বিশ্লেষণ কর।৪

৭। রাষ্ট্র গঠনের অন্যতম উপাদান হলো সরকার। গণতান্ত্রিক রাষ্ট্রে নাগরিকগণ তাদের ভোটাধিকার প্রয়োগ করে সরকার গঠন করে থাকে। রাষ্ট্রভেদে সরকারের রূপ ও সংগঠন ভিন্ন ভিন্ন হয়। নিঃসন্দেহে গণতন্ত্র সকল শাসন ব্যবস্থার মধ্যে সর্বোত্তম। বাংলাদেশে সংসদীয় গণতান্ত্রিক সরকার ব্যবস্থা প্রচলিত রয়েছে।

ক) রাষ্ট্রের মুখ পাত্র কে ? ১

খ) সরকার বলতে কী বুঝ ? ২

গ) সংসদীয় ও রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থার মধ্যে পার্থক্য কী কী ? ৩

ঘ) 'নিঃসন্দেহে গণতন্ত্র সকল শাসন ব্যবস্থার মধ্যে সর্বোত্তম'- উক্তিটির যথার্থতা যাচাই কর।৪

৮। শাহেদের বাড়ী পশ্চিম বঙ্গের হুগলিতে। সে বেড়াতে এসেছে বাংলাদেশে। সে তার খালাত ভাইয়ের সাথে নিজ দেশ সম্পর্কে গল্প করছিল। সে বললো যে, আমাদের দেশে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা প্রচলিত। কিন্তু তোমাদের দেশে এককেন্দ্রিক। সে বললো যে, কিন্তু এক জায়গায় আমাদের উভয় দেশের মিল রয়েছে। সেটি হল উভয় দেশেই সংসদীয় গণতন্ত্র প্রচলিত রয়েছে।

ক) এরিস্টটল যে দুটি নীতির বা মাপকাঠির উপর সরকারের শ্রেণিবিভাগ করেছেন তা কী কী ?১

খ) গণতন্ত্র কত প্রকার ও কী কী ? বর্তমান বিশ্বে কোন ধরণের গণতন্ত্র বেশি প্রচলিত ? ২

গ) শাহেদের দেশে যুক্তরাষ্ট্রীয় এবং বাংলাদেশে এককেন্দ্রিক সরকার রয়েছে। এই দুই সরকারের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ৩

ঘ) ভারত ও বাংলাদেশে একই ধরণের সরকার প্রচলিত রয়েছে। উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর।৪

৯। অধ্যাপক কামরুল ইসলাম মনে করেন যে, ব্যক্তি স্বাধীনতা সংরক্ষণ, আইনের শাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হলে বিচার বিভাগকে অবশ্যই শাসন বিভাগ থেকে পৃথক করতে হবে। বাংলাদেশে এ দাবি দীর্ঘ দিনের।

ক) বাংলাদেশের আইন সভার নাম কী এবং তা কয় কক্ষ বিশিষ্ট ? ১

খ) বিচার বিভাগের স্বাধীনতা বলতে কী বুঝ ? ২

গ) অধ্যাপক কামরুল ইসলাম কেন মনে করেন যে, ব্যক্তি স্বাধীনতা সংরক্ষণ ও ন্যায় বিচার প্রতিষ্ঠায় বিচার বিভাগের স্বাধীনতা থাকা বাঞ্ছনীয় ? ব্যাখ্যা কর। ৩

ঘ) অধ্যাপক সাহেবের উক্তির আলোকে বিচার বিভাগের স্বাধীনতা কীভাবে গণতান্ত্রিক মূল্যবোধ কে প্রতিষ্ঠা করে- মূল্যায়ন কর। ৪

১০। তপন ও স্বপন সরকারের বিভিন্ন বিভাগের ক্ষমতা নিয়ে আলোচনা করছিল। স্বপন বলল, আইনসভা আইন প্রণয়ন করলেও তা বাস্তবায়ন করে অন্য এক বিভাগ। বিভাগটি অন্য দুটি হতে বেশি গুরুত্বপূর্ণ। সরকার বলতে আমরা সাধারণত উক্ত বিভাগকেই বুঝে থাকি।

ক) সরকারের অঙ্গ কয়টি ও কী কী ? ১

খ) শাসন বিভাগের কাজ গুলো ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে স্বপনের বক্তব্যে যে বিভাগের ইঙ্গিত আছে সে বিভাগের ক্ষমতা কতটুকু ?৩

ঘ) তুমি কি মনে কর উক্ত বিভাগের কাজ দিন দিন বৃদ্ধি পাচ্ছে- ব্যাখ্যা কর। ৪

১১। মি. হামিদের দেশের প্রধানমন্ত্রী ও মন্ত্রীগণ আইন সভার নিকট দায়বদ্ধ। কেননা দেশটি জনমত দ্বারা পরিচালিত হয়। অপরদিকে মি. ফক্সের দেশের প্রধানমন্ত্রী ও মন্ত্রীগণ তাদের কাজের জন্য আইন সভার নিকট দায়ী নন। যদিও আইন, শাসন ও বিচার বিভাগ স্বাধীন রয়েছে। তবে তার দেশ জাতীয় সংকটকালে দ্রুত সিদ্ধান্ত নিতে পারে।

ক) গণতন্ত্র বলতে কী বুঝ ? ১

খ) বিচার বিভাগের স্বাধীনতা বলতে কী বুঝ ? ২

গ) উদ্দীপকের আলোকে মি. হামিদের দেশের সরকার ব্যবস্থার ব্যাখ্যা কর। ৩

ঘ) মি. হামিদ ও মি. ফক্সের দেশের সরকার ব্যবস্থায় তুলনামূলক আলোচনা কর। ৪